

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 “গ্রামীণ রাস্তায় ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত  
 সেতু/কালভার্ট নির্মাণ” প্রকল্প  
 দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
 ৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।  
 www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১. ০০০০.০২৪.১৭.০০৫.১৯/৮২০

তারিখঃ- ১১/১১/২০১৯খ্রিঃ.

বিষয়ঃ “গ্রামীণ রাস্তায় কম-বেশী ১৫ মিটার দৈর্ঘ্যের সেতু/কালভার্ট নির্মাণ” আওতায় বাস্তবায়িত প্রকল্প সমূহের স্থিরছবি ও ভিডিও চিত্র প্রেরণ।

সূত্রঃ (১) দুর্যোগ ব্যবস্থাপনা ত্রাণ মন্ত্রণালয়ের গত ৩০/১০/২০১৯ খ্রিঃ তারিখের আনুষ্ঠিত এডিপি ও এডিপি বহির্ভূত উন্নয়ন সভার নির্দেশনা।  
 (২) অত্র অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০.০২৪.১৭.০০৫.১৯/৮০৩ তারিখঃ ৩১/১০/২০১৯খ্রিঃ.

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের গত ৩০/১০/২০১৯খ্রিঃ তারিখে অনুষ্ঠিত এডিপি ও এডিপি বহির্ভূত উন্নয়ন প্রকল্প সমূহের পর্যালোচনা সভায় “গ্রামীণ রাস্তায় কম-বেশী ১৫ মিটার দৈর্ঘ্যের সেতু/কালভার্ট নির্মাণ” প্রকল্পের আওতায় বাস্তবায়িত প্রতিটি সেতু/কালভার্টের স্থির ও ভিডিওচিত্র সংগ্রহ পূর্বক ১৫/১১/২০১৯ খ্রিঃ তারিখে মন্ত্রণালয়ের উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় সিদ্ধান্ত মোতাবেক মন্ত্রণালয়ের পর্যালোচনা সভায় উপস্থাপনের জন্য আপনার উপজেলায় বাস্তবায়িত প্রতিটি সেতু/কালভার্টের স্থির ও ভিডিও চিত্র আগামী ১২/১১/২০১৯খ্রিঃ তারিখের মধ্যে বিশেষ বাহক মারফত নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছিল। অদ্যবধি আপনার উপজেলা হতে স্থির ও ভিডিও চিত্র পাওয়া যায়নি। পত্র প্রাপ্তির ০৩(তিন) কার্য দিবসের মধ্যে স্থির ও ভিডিও চিত্র বিশেষ বাহক মারফত প্রকল্প অফিসে পাঠানোর জন্য পুনরায় অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।


প্রাপক,

- ০১। উপজেলা নির্বাহী অফিসার,  
 উপজেলাঃ ....., জেলাঃ ..... (সকল)।
- ০২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,  
 উপজেলাঃ ....., জেলাঃ ..... (সকল)।

স্মারক নং- ৫১.০১. ০০০০.০২৪.১৭.০০৫.১৯/৮২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরিতঃ

- ০১। সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ০৩। উপ- প্রকল্প পরিচালক “গ্রামীণ রাস্তায় ১৫মিঃ দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ” শীর্ষক প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। (তাকে এ ব্যাপারে সার্বিকভাবে তদারকি করার জন্য বলা হলো)।
- ০৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ..... (সকল) (তাকে তার জেলার “গ্রামীণ রাস্তায় কম-বেশী ১৫ মিটার দৈর্ঘ্যের সেতু/কালভার্ট নির্মাণ” প্রকল্পের আওতায় বাস্তবায়িত প্রতিটি সেতু/কালভার্টের স্থির ও ভিডিও চিত্র সংগ্রহ পূর্বক প্রকল্প অফিসে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৫। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, বিজ্ঞিষ্টিত অত্র অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। জনাব ....., সহকারী প্রকল্প পরিচালক/সহকারী প্রকৌশলী ও দায়িত্ব প্রাপ্ত প্রকৌশলী, সেতু/কালভার্ট প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (তাকে তাঁর আওতাধীন উপজেলা সমূহের “গ্রামীণ রাস্তায় কম-বেশী ১৫ মিটার দৈর্ঘ্যের সেতু/কালভার্ট নির্মাণ” প্রকল্পের আওতায় বাস্তবায়িত প্রতিটি সেতু/কালভার্টের স্থির ও ভিডিও চিত্র সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ০৭। অতিরিক্ত সচিব, (পরিচালনা ও উন্নয়ন), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



(মোঃ আবু বকর সিদ্দিক)  
 (যুগ্ম-সচিব) পরিচালক (কাবিখা)

ও

প্রকল্প পরিচালক (অ:দ:)  
 “গ্রামীণ রাস্তায় ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত  
 সেতু/কালভার্ট নির্মাণ” শীর্ষক প্রকল্প  
 দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

তারিখঃ- ১১/১১/২০১৯খ্রিঃ.



(মোঃ আলিমুল হোসেন)  
 উপ-প্রকল্প পরিচালক  
 “গ্রামীণ রাস্তায় ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত  
 সেতু/কালভার্ট নির্মাণ” শীর্ষক প্রকল্প